গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ২০ একরের উর্ধ্বের জলমহাল ব্যবস্থাপনার লক্ষ্যে মৌলভীবাজার জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ ইসরাইল হোসেন<br>জেলা প্রশাসক, মৌলভীবাজার |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২৭.১০.২০২৪ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০:৪৫ ঘটিকা |

সভায় উপস্থিত জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে (উপস্থিতি: পরিশিষ্ট-ক) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী রেভিনিউ ডেপুটি কালেক্টর ও সদস্য সচিব, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মৌলভীবাজার-কে সভার আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। সদস্য-সচিব উপস্থিত সদস্যগণের অবগতি ও আলোচনার নিমিত্ত পর্যায়ক্রমে নিম্নবর্ণিতভাবে সভার আলোচ্য বিষয়াদি উপস্থাপন করেন।

❖ **সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৯) অনুচ্ছেদ মোতাবেক ২০ একরের উর্ধ্বে জলমহাল সৃজন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত ভূমি বদ্ধ জলমহাল হিসেবে সায়রাতমহাল রেজিস্টার (রেজিস্টার-৬)-এ অন্তর্ভুক্ত করার নিমিত্ত বিবিধ মোকদ্দমা নং-৭২/২০২৪-২০২৫ সৃজনপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া হতে ০৩.১০.২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.৫৮৬৫.০০৩.১৬.০০১.২৪.৯৫৭ নং স্মারকে এ কার্যালয়ে প্রস্তাব/প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। বর্ণিত ভূমি ২০ একরের উর্ধ্বে কাটুয়া বিল (বদ্ধ) জলমহাল হিসেবে রেজিস্টার-৬ ভুক্ত করার জন্য কুলাউড়া উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ১৯.০৯.২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ রয়েছে।

<u>তফসিল</u>

উপজেলা: কুলাউড়া — মৌজা: শশারকান্দি/২৩

| খতিয়ান | | দাগ নম্বর | | শ্রেণি | পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| এসএ | আরএস | এসএ | আরএস | | | |
| ০১ | ০১ | ৬৩০ | ১৩৬৮ | বিল | ২৬.৯০ | প্রঃ খাটো বিল |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ২০ একরের উর্ধ্বে জলমহাল সৃজন | উপর্যুক্ত তফসিল বর্ণিত বদ্ধ জলাশয়টি ২০ (বিশ) একরের উর্ধ্বে কাটুয়া বিল (বদ্ধ) জলমহাল হিসেবে সায়রাতমহাল রেজিস্টার (রেজিস্টার-৬)-এ অন্তর্ভুক্ত করার নিমিত্ত সৃজিত বিবিধ মোকদ্দমা নং-৭২/২০২৪-২০২৫ এর নথি সভায় উপস্থাপন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া বলেন, সরকারি রাজস্ব বৃদ্ধিসহ আলোচ্য বিলের সুষ্ঠু রক্ষণাবেক্ষণে আলোচ্য বিলটি রেজিস্টার-৬ এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। বিলটির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে তা সায়রাতমহাল রেজিস্টারে অন্তর্ভূক্তকরণ যুক্তিসংগত হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৯) অনুচ্ছেদ মোতাবেক ২০ (বিশ) একরের উর্ধ্বের কাটুয়া বিল (বদ্ধ) জলমহাল হিসেবে জলমহাল সৃজনের নিমিত্ত বিবিধ | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিবেদন এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সুপারিশ অনুযায়ী উপর্যুক্ত তফসিল বর্ণিত বদ্ধ জলাশয়টি ২০ (বিশ) একরের উর্ধ্বের কাটুয়া বিল (বদ্ধ) জলমহাল হিসেবে সায়রাতমহাল রেজিস্টার (রেজিস্টার-৬) ভুক্ত করার নিমিত্ত সৃজিত বিবিধ মোকদ্দমা নং-৭২/২০২৪-২০২৫ এর নথি সদয় অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মোকদ্দমা নং-৭২/২০২৪-২০২৫ এর নথি সদয় অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট বরাবর প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিলেট বরাবর প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর আর কোনো আলোচ্য বিষয়াদি না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27.10.024

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৩২০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৬.০০১৯.২৪-১৮১৫/১

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার
৫. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার
৬. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার
৭. উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার
৮. জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার
৯. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার
১০. সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
১১. সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১২. নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার
১৩. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার।
১৪. জনাব আব্দুল হাকিম, সদস্য, সুরমা মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং-পাঁচগাঁও, রাজনগর (মৎস্যজীবী সংগঠনের প্রতিনিধি)
১৫. বেগম রোকেয়া চৌধুরী, সাং- শমসেরনগর রোড, মৌলভীবাজার (নারী সংগঠনের প্রতিনিধি)
১৬. অফিস কপি

27.10.24

(সন্দ্বীপ তালুকদার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর (রুটিন দায়িত্ব)
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮২৭২৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd